

আইটি বিশ্ব



jugantordotcom@yahoo.com

বদলে যাবে শিক্ষাদান পদ্ধতি



ভবিষ্যতে শ্রেণীকক্ষে বর্তমান সময়ের শিক্ষাদান পদ্ধতি আর থাকবে না। বিজ্ঞানীরা শিক্ষার্থীদের গণিতের ওপর দক্ষতা বাড়ানোর জন্য মাল্টি-টাচ এবং মাল্টি-ইউজার ডেস্ক পদ্ধতি চালু করেছেন। নতুন এ প্রযুক্তিটির নাম 'স্মার্টডেস্ক'। ব্রিটেনের ডারহাম ইউনিভার্সিটির একদল গবেষক এ দক্ষতা কাজ করে যাচ্ছেন।

তিন বছরব্যাপী আট থেকে দশ বছরের প্রায় ৪০০ শিক্ষার্থীর মধ্যে এই শিক্ষাপদ্ধতির কার্যকারিতা নিয়ে গবেষণা করা হয়। গবেষক দলের প্রধান সিজ বার্ড জানান, এর ফলে শোনার চেয়ে নিজেদের মধ্যে তথ্য আদান-প্রদানের মাধ্যমে জ্ঞান অর্জন প্রক্রিয়ায় শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ দেখা গেছে। ডায়াজা গাণিতিক দক্ষতারও তাদের অনেক উন্নতি লক্ষ্য করা গেছে।

শিক্ষার্থীরা শ্রেণীকক্ষে যে টেবিলে বই-পাতা রাখে ভবিষ্যতে সেখানে থাকবে, কম্পিউটার স্ক্রিন অর্থাৎ স্মার্টডেস্ক। ডেস্কের পর্দা ঘিরে থাকবে শিক্ষার্থীরা। তারা পর্দার ওপর ক্লিকে পড়ে হাতের আঙ্গুল দিয়ে নাড়াচাড়া

করবে। নিজেদের মধ্যে আলোচনা করে এভাবেই শিক্ষার্থীরা জটিল সব গাণিতিক সমস্যার সমাধান করবে। শিক্ষকরাও তাদের নিজেদের কম্পিউটারে বিভিন্ন দলের শিক্ষার্থীদের যাবতীয় কার্যক্রম পর্যবেক্ষণ করতে পারবেন এবং প্রয়োজনীয় পরামর্শও দিতে পারবেন।

গবেষক দল দেখেছেন, যারা স্মার্টডেস্ক ব্যবহার করেছে তাদের মধ্যে ৪৫ ভাগ শিক্ষার্থী একটি গাণিতিক সমস্যার সমাধান করতে পেরেছে। অন্যদিকে যারা বর্তমান পদ্ধতিতে নিজ নিজ সমস্যার সমাধান করতে চেপ্তা করেছে তাদের মধ্যে মাত্র ১৬ ভাগ শিক্ষার্থী কাগজের উপর সেই সমাধান করতে পেরেছে। গবেষকরা বলেছেন, নতুন এ স্মার্টডেস্ক পদ্ধতিতে শিক্ষার্থীরা একত্রে যেভাবে নিজেদের মধ্যে সমস্যার সমাধান করতে পারে, বর্তমান পদ্ধতিতে সেটা সম্ভব নয়। গবেষকরা তাই স্মার্টডেস্ক পদ্ধতিকে বেশ গুরুত্বের সঙ্গে দেখছেন এবং এর উন্নয়নে কাজ করে যাচ্ছেন।

—প্রদীপ সাহা, সায়েন্স ডেইলি অবলম্বনে